



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : [banglaacademy.pr@gmail.com](mailto:banglaacademy.pr@gmail.com), [bacademy55@gmail.com](mailto:bacademy55@gmail.com), ওয়েব সাইট :  
[www.banglaacademy.gov.bd](http://www.banglaacademy.gov.bd)

পত্র সংখ্যা :

তারিখ : ২৫.০৫.২০২১

## বাংলা একাডেমির মহাপরিচালক প্রয়াত হাবীবুল্লাহ সিরাজীর প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন



বাংলা একাডেমির মহাপরিচালক প্রয়াত হাবীবুল্লাহ সিরাজীর মরদেহ আজ সকাল ১০:০০টায় শেষ শ্রদ্ধা নিবেদনের জন্য বাংলা একাডেমির নজরুল মঞ্চে রাখা হয়।

বাংলা একাডেমির সচিব ও ভারপ্রাপ্ত মহাপরিচালক জনাব এ.এইচ.এম. লোকমানের নেতৃত্বে বাংলা একাডেমির কর্মকর্তা-কর্মচারিবৃন্দ পুষ্পার্ঘ্য নিবেদন করে প্রয়াত মহাপরিচালকের প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন করেন।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ এমপি এবং সচিব জনাব মোঃ বদরুল আরেফীনের নেতৃত্বে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন।

বাংলাদেশ আওয়ামী লীগের পক্ষ থেকে অসীম কুমার উকিল এমপি, আফজাল হোসেন, আবু সাঈদ আল মাহমুদ স্বপন, ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া, সায়েম খান, হুমায়ুন কবীর ঢালী ফুলেল শ্রদ্ধা নিবেদন করেন।

এছাড়া শ্রদ্ধা নিবেদনে অংশ নেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান, উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর উপাচার্য অধ্যাপক ড. বিশ্বজিৎ ঘোষ, নির্মল রঞ্জন গুহ এবং আফজাল বাবুর নেতৃত্বে বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ, গোলাম কুদ্দুছের নেতৃত্বে সম্মিলিত সাংস্কৃতিক জোট, কবি মুহাম্মদ সামাদ, তারিক সুজাত, হারিসুল হক, আমিনুর রহমান সুলতানের নেতৃত্বে জাতীয় কবিতা পরিষদ, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির সভাপতি ফরিদ আহমেদ, সহসভাপতি খান মাহবুব, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সাবেক সভাপতি আলমগীর সিকদার লোটন, আল নাহিয়ান খান জয় ও সাদ্দাম হোসেনের নেতৃত্বে বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় সংসদ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় সংসদ, কবি মুহাম্মদ নূরুল হুদার নেতৃত্বে রাইটার্স ক্লাব বাংলাদেশ, বেঙ্গল ফাউন্ডেশন, বাংলাদেশ প্রেস কাউন্সিল,

বাংলাদেশ আবৃত্তিশিল্পী সংসদ, ছোটকাগজ শালুক, মাহবুবুল হক শাকিল সংসদ, নাট্যজন রামেন্দু মজুমদার, মামুনুর রশীদ, চলচ্চিত্রজন জাঁ নেসার ওসমান, এডভোকেট সাহিদা বেগম, কথাসাহিত্যিক আনিসুল হক, রেজানুর রহমান, শিশুসাহিত্যিক আনজীর লিটন, রহীম শাহ, কাজল ঘোষ প্রমুখ।

বাংলা একাডেমিতে তাঁর প্রথম নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। জানাজা পরিচালনা করেন বাংলা একাডেমির পরিচালক ড. হাসান কবীর। এ সময় প্রয়াত হাবীবুল্লাহ সিরাজীর পরিবারের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। আজিমপুর কবরস্থানে দ্বিতীয় জানাজা শেষে তাঁকে সেখানে দাফন করা হয়।

সমীর কুমার সরকার

পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ, তথ্যপ্রযুক্তি ও প্রশিক্ষণ বিভাগ